 কারণ—এ ফাল্গুনেই তোমার সেই
 স্বর্গীয় রথ যাত্রার তারিখ; আমরা
 উদ্বেলিত হই খুশির আমেজে—
 স্মরণিকায় বিজ্ঞাপন ছেপে,
 “বেলী চৌধুরী” আর “ম্যান ছেরগমিয়া”র আয়ে
 ভাগ বসাতে পারবো নির্ধিকায় ।
 আমার কবিতা ছাপা হবে, নামটিও
 জ্বলজ্বল করবে সোনালি হরফে,
 ঘরে ফিরবো শোক সভায় মিথ্যা
 ভাষণ শেষে; সাথে মস্ত এক তরমুজ ।

তোমার লাভের ঘরেও রসগোল্লা
 পড়বে ঢের, কেননা;
 বেঁচে থাকলে
 তোমাকে ডেরা খুঁজতে হতো
 বেলতলী কিম্বা ধর্মতলার মোড়ে ।

নিউইয়র্ক

উর্মিলা চক্রবর্তী

ব্যর্থতা

হঠাৎ কখনো ভোর-স্বপ্নে হেঁটে হেঁটে পৌঁছে যাই ছোটবেলা
 দেখি আকাশ নিজেকে চুবিয়ে নিয়েছে ঘননীল রঙে,
 ফুল হাসে চোখে চোখ, বন্ধুতায় কাছে নেয় ঘাস
 সাফল্য নরম হাত তুলে আমাকেই যেন ইশারায় ডাকে,
 অপেক্ষায় থাকে সমস্ত পৃথিবী
 কোনো রাজকন্যা আমি অনায়াসে জিতে নেবো জীবনের বাজি

জেগে উঠি, আদরের ওমটুকু লেগে থাকে গায়ে
 মিষ্টি লাগে ভোরের আলতো রোদ
 ঘোর ভাঙে, ভাঙে না তবুও

হঠাৎ কাজের মেয়ে কড়া নাড়ে, বানবান বেজে ওঠে
 এঁটো বাসনের কাঁড়ি, বাজারের তাগাদায় কর্তার চায়ের দাবি,
 নোংরা কাপড়ের স্তুপে বেড়াল ঘুমিয়ে কাদা
 ধরতেই হবে আটটার কল্যাণী লোকাল
 স্বপ্নের বাগানে ঢোকে হড়হড় কাদাগোলা জল
 চটপট ছাড়ি বিছানা, অস্থায়ী টাইপিস্ট

কলকাতা

সোনালি বেগম

বৃষ্টির তোড়

নেপাল-ইউপি সীমানায় লক্ষীমপুর খিরি জেলায়
 শারদা নদীর জলস্তর রেড-পয়েন্ট পার করে
 তবাহি করতে ছুটছে। বিখ্যাত দুধওয়া ন্যাশনাল
 পার্ক—বিপন্ন অসংখ্য পশুপাখি এবং সংলগ্ন গ্রাম।
 দিল্লির রিংরোড বাইপাস এবং মিলেনিয়াম পার্কের
 কাছে ট্রাফিক জ্যামে হাঁসফাঁস বৃষ্টির তোড় আর
 মোবাইল রিং-টোন ভেসে যায়...

উত্তর প্রদেশ

সুভাষ রবিদাস

স্বাতী নক্ষত্রের জ্ঞান

স্বাতী নক্ষত্রের কাছে রাতের ঝর্ণা রেখে এসেছি
বিবর্ণ প্রজাপতির সাথে কথা বলতে বলতে যখন
ঘুমিয়ে পড়েছিলাম—গভীর রাতে
আমার ঘুমের ভেতর দিয়ে একটি ধূমকেতু উড়ে গেলো
নামহীন, গোত্রহীন, এক নক্ষত্রকণিকা খসে পড়লো আমার স্বপ্নের মাঝে;

বিদ্যুৎ রেখা টুকরো টুকরো ছড়িয়ে যাচ্ছে আকাশ
না, নভোতল, এক চিরন্তন আকাশের সন্ধানে উড়ে যায়
আমার ঘুমদেবতা, পৃথিবীর বৃক্ষকুল, তৃণকুল
সমাধি ভেবে ছেয়ে ফেলেছে বিছানাতল
কেবল স্বাতী নক্ষত্র জানে সে ঝর্ণায় বয়ে যাওয়া গীতধারায়
ভেসে গেছে আমার কোমল গাঁদার ।

মুর্শিদাবাদ

রিজওয়ানুল ইসলাম রুদ্র

নিঃসঙ্গ সমুদ্রের তীরে

সমুদ্রের নিঃসঙ্গ তীর মানে কি এই নিখর পাথরশরীর, ক্রমাগত তীব্র ঢেউ আর যৌনাবেগে
ধাবমান নোনাস্রোত...উচ্চকম্পনাংকে চূর্ণ-বিচূর্ণ কাচের উড়োজাহাজ, রক্তাক্ত হাতে নির্জীব
ফুলের মৃত্যু! মৃত্যুর মানে কী শুধুই প্রোটোজয়িক দুঃস্বপ্ন? ত্রিমাত্রিক জগতে নিজের নিঃস্ব,
রিজ, গ্লানিমাখা মুখে শোকের অবদমন। মনে নেই কারও সেই সোনালি রঙিন দুপুর, কিংবা
ঘন নীল বিষণ্ণ সেই জোছনা রাত, এক বিশাল ফার বৃক্ষের নিচে দাঁড়িয়ে কাঁদছেন
অ্যাভারসন, খুব কাছেই ঘুরছে সেই দুঃখী লাটিম ও লাল বল...ভালোবেসে এভাবে হারাতে
হয়, এভাবে নিঃসঙ্গ হতে হয়? আমিতো নিছক এক হাতভাঙ্গা উদ্ধত টিনের সেপাই, সবকিছু
হারিয়েও যে যুদ্ধে যেতে প্রস্তুত! কিংবা বড়দিনের শীতরাতে ম্যাচবাক্স হাতে হিমশরীরে
দাঁড়িয়ে থাকা কিশোরী মেয়েটা; মৃত্যুর পরও যে সুন্দর করে হেসেছিলো নিশ্চুপ! এসব স্বপ্নই
থেকে যাবে ঘৃণ্য রাজনৈতিক চক্রান্তের আড়ালে, ভিনদেশী চক্রে গর্জে উঠবে পিলখানা,
বিডিআর বিদ্রোহ! খুন হবে মানুষ, রাজপথ ভাসবে জনতার রক্তে...

বৃদ্ধ ঈশ্বর নাকি সবাইকে নিয়েই দেখবেন স্বর্গ, তার স্পর্শে কেঁপে উঠবে প্রাচীন বৃদ্ধোন্মাদ
মুখ! ...আমার ইচ্ছে নেই ওখানে যাবার, নিঃস্ব পৃথিবীর ছায়াপথে বিশাল অন্তরীক্ষের দিকে
তাকিয়ে মৃত প্রেমিকার হাতে হাত রেখে জেগে থাকতেই সুখ!

অন্তর্ধান

না ফেরার মানে এই নয় যে আর কখনো ফিরবো না!
এতো বরানো রক্তের পর, বিমর্ষ আহতের মতো
না ফেরার মানে এই আর কখনো ডুকরে কাঁদবে না
পাথরের ছবিটার দিকে অমলিন তাকিয়ে...
আমাকে ফেরাবে আকাশের চিরন্তন ধ্রুব নক্ষত্র
ঈশ্বরের খুব কাছের মানুষ, মৃতপ্রায় জীবশ্মা প্রেতাত্মা

যদি না-ও ফিরি, ধর্ষণ, রক্ত আর যুদ্ধের আগমুহূর্তে
প্রিয় মাতৃভূমি
ধরে নিও না ফেরার আরেক অর্থ মৃত্যু!

অস্ট্রেলিয়া

সুবীর সরকার

অঞ্চলগাথা

১

আর ক্রুশকাঠ, শোক ও লজ্জার
ভেসে থাকছে মেঘহীন

রাত

নির্ধারিত ছিলো অনন্ত বিষাদ

সম্পর্কহীনতায় আছি

মরে যাওয়া সম্পর্ক নিয়ে

বেঁচে থাকা

অনুমোদনের পর শান্ত হাসি

দীর্ঘ হাঁটাপথ। পা

কাঁপছে।

২

মেঘের মিনারে বসা চিল

টিপছাপে দাদন তুলছে নিরক্ষর

চাষী

হাস্যকর বনমোরগ

বিকেলের ঘোলাটে

বিক্রয়কেন্দ্র

বাক্যালাপ বাড় তুলছে

কেমন অচেনা হয়ে ওঠা

কণ্ঠস্বর

গুহামুখে লাল বল

বাজনা শুনছে বাজপাখি।

কুচবিহার

সৈয়দ মোহাম্মদ মাশুক

বুক ভরে নিয়েছি নিশ্বাস

ছিলাম বান্ধব-ছিন্ন আমি গতকাল

বিরুদ্ধ বাতাসে—

পর্যটন নগরী থেকে দূরে সমুদ্র সৈকত ধরে

ক্রমাগত হাঁটতে থাকি—

পেছনে ছায়ার মতো মূর্খ অন্ধকার।

বাতাসের বিরুদ্ধতায় ক্লাস্তির রেশ

বেশ ভারি, ভিড় করে ছিলো আমার শরীরে।

যতোটুকু পারি, যতোটুকু ধরে বিপন্ন বিবরে

নিজের নিশ্বাস;

আছড়ে পড়া নোনা জল

কিছুটা করছে সাহসী, সরস।

সমুদ্রই পারে। সমুদ্রই ভুলিয়েছে সব—

হাত উঁচু করে দেখিয়েছে বিশালতা

কতোটুকু ধরে; কতোটুকু গভীরে, গোপনে;

সমুদ্রই জানিয়েছে ছিন্নতার মানে।

বি.দ্র:

সৈয়দ মোহাম্মদ মাশুকের (১৯৩৯-২০১১) মৃত্যুতে শব্দগুচ্ছ গভীর ভাবে শোকাহত। মৃত্যুর মাত্র ক’দিন আগে এই কবিতাটি তিনি সম্পাদকের হাতে তুলে দিয়েছিলেন।

উদয় শংকর দুর্জয়

নিরুপম প্রার্থনা ছিল

অভিবাদন এই মেঘ বৃষ্টি জল ধারায়
এই সমুদ্র স্নান জল কল্লোল এই অসীম নীল
অথই গভীরে নামা শুধু তোমাকে দেবো বলে
কি নিরুপম প্রার্থনা ছিল
মুঠো খুলে দেখি সবটাই ছাই
মেঘেরা দল বেঁধে ফিরে গ্যাছে
তবে কি ডেকে ফিরে গ্যাছে
পড়ে আছে হলুদ পত্রাঞ্জলি
কি অন্ধকার কি মুষল ধারায় ভিজছে অধরা
তোমাকে দেবো তাই
রুমাল খুলে দেখি বিবর্ণ বিষণ্ণ পুষ্পাঞ্জলি
তোমাকে দেবো বলে
কি আরাধনাই না করেছিলাম

আকাশ হলো কালো কাক
বৃষ্টি ধুয়ে দিচ্ছে তো দিচ্ছে
কিন্তু অন্তর দেয়ালে লেপেট থাকা কাজল
তার কি হবে
পড়ে থাকা অবশ্য দেহ তবু প্রচেষ্টা নিরন্তর
তবু তোমাকে দেবো বলেই
নিঃশ্বাস এখনও জীবিত।

লন্ডন

মাহমুদ দারউইশ

এডওয়ার্ড সাদীদের জন্যে মরসিয়া

নিউইয়র্ক, নভেম্বর, পঞ্চম বীথি

সূর্য ফালি ফালি করে কাটা ধাতব পাত।
ছায়াতে বিচ্ছিন্ন আমি নিজেকে প্রশ্ন করি:
এই শহর কি বাবেল না সাদুম'?
সেখানে, তাড়িতিক অতল গহ্বরে
অনেক আকাশের উপরে, এডওয়ার্ডের সাথে আমার দেখা হয়েছিল
আজ থেকে ত্রিশ বছর আগে,
আর তখন সময় ছিল এখনকার থেকে অনেক অনেক কম জেদী
আমরা একজন আরেক জনকে বললাম:
যদি আপনার অতীত অভিজ্ঞতা থাকে
তবে ভবিষ্যতের জন্য বানান একটি অর্থ এবং একটি স্বপ্ন!
চলুন,
অকপট কল্পনা আর তেলসমাতি ঘাসের উপর দিয়ে
চলুন আমাদের নিশ্চিত আগামী দিকে এগিয়ে যাই।

মনে পড়ছে না সন্ধ্যায় আমরা প্রেক্ষাগৃহে গিয়েছিলাম কি না।
তবে শুনতে পেলাম, কয়েকজন ভারতীয় আমাকে
চিৎকার করে বলছে:
ঘোড়া আর আধুনিকতাকে কোনও বিশ্বাস নেই।

না, কোনও শিকারই তার জল্লাদকে প্রশ্ন করে না:
আমি কি তুমি? যদি আমার শমশের
আমার গোলাপের চাইতে বড়ো হতো, তবে কি তুমি আমাকে প্রশ্ন করতে
যদি আমি তোমার মতো এ কাজ করি?

এই ধরনের প্রশ্ন কাঁচের আপিসে বসা
বাগানের শতদল নিরীক্ষণে মশগুল
ঔপন্যাসিকের ঔৎসুক্যকে প্রলুব্ধ করে যেখানে
অনুসিদ্ধান্তের হাত ঔপন্যাসিকের বিবেকের মতো
ঝকঝকে তকতকে তখনই যখন সে মানবিক প্রবৃত্তির সাথে
সব লেনদেন চুকিয়ে দেয়: আগামীকাল নেই

কোনও গতকালের মধ্যে। তাই, চলো, সামনে এগিয়ে যাই!

এগিয়ে যাওয়া হয়তো বর্বরতার দিকে
ফিরে যাওয়ার একটি সাঁকোও হয়ে উঠতে পারে।

নিউইয়র্ক। এডওয়ার্ড অলস তোরে ঘুম থেকে
উঠলেন। শুনলেন মোৎসার্ট। বিশ্ববিদ্যালয়ের
টেনিসকোর্টের চারদিকে দৌড়ালেন।
প্রতিবন্ধকতার সীমানা নিয়ে ভাবলেন কিছুক্ষণ।
পড়লেন নিউইয়র্ক টাইমস। একটা টান টান
মন্তব্য লিখলেন। ভর্তসনা করলেন এক প্রাচ্যবিশারদকে যিনি এক জেনারেলকে
কোনও এক প্রাচ্য নারীর অন্তরের দুর্বল দিকের হৃদয় দিয়েছিলেন।
গোসল সারলেন এবং তাঁর সৌম্যদর্শন স্যুটটি পরে নিলেন।
সাদা কফি পান করে সকালকে
চিত্কার করে বললেন: চলে এসো, ইতস্তত ঘোরাঘুরি করো না।

বাতাসের উপর দিয়ে হেঁটে বাতাসের ভেতরে
নিজেকে চিনে নিলেন। বাতাসের কোনও সিলিং নেই।
বাতাসের কোনও ঘর নেই। বাতাস
অজ্ঞাত উত্তরের দিক নির্দেশক।
তিনি বললেন: আমি সেখানকার। আমি এখানকার।
আমি সেখানকারও নই, এখানকারও নই।
দুটো নাম আমার, কখনও তাদের দেখা হয়, কখনও তারা আলাদা হয়ে যায়।
দুটো ভাষা আমার। কিন্তু, ভুলে গেছি কোন ভাষায়
আমি স্বপ্ন বুনেছিলাম।
শব্দভাণ্ডারের ওয়াফাদার,
লেখার জন্য আমার এমন একটি ইংরেজি ভাষা আছে।
আরও একটি ভাষা আছে আমার যে ভাষায় স্বর্গ কথা বলে
জেরুজালেমের সাথে, রূপালি শ্বাসাঘাতে,
কিন্তু, এটা আমার কল্পনার অনুগামী নয়!

^১সাদুম: সামীয় ধর্ম (ইয়াহুদি, ইসায়ী, ইসলাম) মতে সাদুম হল ব্যভিচার ও সমকামিতার এক প্রাচীন নগরী।

আরবী থেকে অনুবাদ: **ইসফানদিয়র আরিওন**

SHABDANEWS:

শব্দগুচ্ছ কবিতা পুরস্কার ২০১১ পেলেন জাহানারা পারভীন

উত্তরাধুনিক কবিতায় ৬ষ্ঠ বারের মতো দেয়া হলো শব্দগুচ্ছ কবিতা পুরস্কার। ২০১১ সালের এই পুরস্কার পেলেন ঢাকার কবি জাহানারা পারভীন। শব্দগুচ্ছ কবিতা পত্রিকায় প্রকাশিত তাঁর লেখার জন্যে তিনি এ পুরস্কার পেলেন। ১৭ ডিসেম্বর পত্রিকার অফিসে ৪০তম বিজয় দিবসের অনুষ্ঠানে শব্দগুচ্ছ-র পক্ষে এ পুরস্কার ঘোষণা করেন বিশেষ অতিথি বিবি বারকান। এর আগে ১ বৈশাখ ঘোষণা করা হয়েছিলো মনোনীত কবিদের নাম। এ বছর মনোনয়ন পেয়েছিলেন আশিস দাশ, জাহানারা পারভীন, কবির হুমায়ূন, রাসেল আহমেদ ও রেজওয়ানুল ইসলাম রুদ্দ। আগামী ফেব্রুয়ারীতে ঢাকায় এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে কবিকে পুরস্কারের অর্থমূল্য ২০০ ডলার ও ক্রেস্ট তুলে দেয়া হবে।

পত্রিকার অফিসে বিজয় দিবসের অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন স্ট্যানলি এইচ বারকান, নাজনীন সীমন, ফারুক আজম, মোহাম্মদ আতাউর রহমান, আবু রায়হান ও আব্দুল ফাত্তাহ প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ।

নিউইয়র্কে কবিতা সন্ধ্যায় নির্মলেন্দু গুণ

৫ জুলাই, ২০১১ শব্দগুচ্ছ কবিতা পত্রিকা আয়োজিত কবিতা সন্ধ্যায় উপস্থিত ছিলেন কবি নির্মলেন্দু গুণ। তিনি তাঁর বক্তব্যে গ্রামের বাড়িতে গড়ে তোলা স্কুলের বিভিন্ন দিক তুলে ধরেন এবং নিউইয়র্কের কবিদের সেই স্কুলে কবিতা পাঠের আমন্ত্রণ জানান। ইতিপূর্বে ২১শে ফেব্রুয়ারীতে গুণের আমন্ত্রণে শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ নেত্রকোণার এই স্কুলে কবিতা পড়েছেন, সে কথা উল্লেখ করে গুণ বলেন আপনারাও আমেরিকা থেকে কবিতা নিয়ে আসুন, পড়ে শোনান এবং ছাত্রছাত্রী ও এলাকাবাসীদের অনুপ্রাণিত করুন। ওয়াশিংটন ফোবানা সম্মেলনে অংশগ্রহণ শেষে কন্যা মৃত্তিকা সহযোগে গুণ ওইদিন সন্ধ্যায় নিউইয়র্কে এসে পৌঁছালে হাসানআল আব্দুল্লাহ এবং তাঁর স্ত্রী কবি নাজনীন সীমন তাঁদের স্বাগত জানান।

অনুষ্ঠানে "বাংলা কবিতা" বিষয়ে বক্তব্য রাখেন নিউস্কুল ইউনিভার্সিটির ইংরেজী সাহিত্যের অধ্যাপক নিকোলাস বার্নস, "আমেরিকায় বাংলা কবিতা"র উপরে আলোকপাত করেন সাপ্তাহিক বাঙালী সম্পাদক কৌশিক আহমেদ। অন্যান্যদের মধ্যে কবিতা পড়ে শোনান হাসানআল আব্দুল্লাহ, শামস আল মমীন, সৈয়দ মোহাম্মদ মাশুক, মুহাম্মদ সামাদ ও নাজনীন সীমন প্রমুখ। ইংরেজীতে গুণের কবিতা আবৃত্তি করেন দুই ক্ষুদ্রে আবৃত্তিশিল্পী একক সৌবীর ও নাবিদ মামুন। বিভিন্ন পর্যায়ে অন্যান্যদের মধ্যে গুণের কবিতা বাংলায় আবৃত্তি করেন ফারুক আজম, লুৎফুন নাহার লতা, রেখা রোজারিও, বসুনিয়া ও সুবজাগীন সাকী

প্রমুখ। শুভেচ্ছা বক্তব্য রাখেন বেলাল বেগ, আলোয়া চৌধুরী ও জীবন চৌধুরী। অনুষ্ঠান শুরু হয় সহযোগী আয়োজক 'বাংলা টাইমস' পত্রিকার সম্পাদক ডা. সারওয়ারুল হাসানের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে; পরিচালনা করেন নাজনীন সীমন। সার্বিক সহযোগিতায় ছিলেন ভূইয়া আহসান হাবীব, সঞ্জীবন, সুবজাগীন সাকী ও ওবায়দুল্লাহ মামুন।

পোয়েট্রি প্লেসে কবিতা পড়লেন কবি হাসানআল আব্দুল্লাহ

লং আইল্যান্ডের প্যাসাক শহরের পোয়েট্রি প্লেসে ২৯ অক্টোবর, শনিবার, কবিতা পড়েন কবি ও শব্দগুচ্ছ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ। দ্যা নর্থ সি পোয়েট্রি সিন আয়োজিত এ অনুষ্ঠান শুরু হয় সন্ধ্যা সাড়ে সাতটায়। প্রচণ্ড তুষার ঝড় উপেক্ষা করে কবিতা শুনতে আসা স্থানীয় কবি ও কাব্যপ্রেমীদের শুরুতেই হাসানআল আব্দুল্লাহ ধন্যবাদ জানান। এর আগে কবিকে পরিচয় করিয়ে দেন এড স্টিফেন। নিজের গ্রন্থ 'ব্রেক অব বেঙ্গল' ও প্রকাশিতব্য নতুন অনুবাদ গ্রন্থ থেকে প্রায় পৌনে একঘণ্টা ধরে কবিতা পড়ে তিনি কাব্যমোদিদের মুগ্ধ করেন। দর্শকদের অনুরোধে একটি কবিতা মূল বাংলায়ও পড়ে শোনান। কয়েকটি কবিতার পটভূমি ব্যাখ্যা করার সাথে সাথে স্বতন্ত্র সনেট ও তাঁর মহাকাব্যিক গ্রন্থ *নক্ষত্র ও মানুষের প্রচ্ছদ* রচনার শুরুর দিকের কথাও তিনি ভুলে ধরেন। মূল আয়োজক ও পোয়েট্রি প্লেসের কর্ণধার কবি, সম্পাদক ও সাফোক কাউন্টির আগের টার্মের পোয়েট লরিয়েট ট্যামি নুজো মারগান অনুষ্ঠান শেষে কবিকে সনেট নিয়ে ওয়ার্কশপ করার জন্যে আমন্ত্রণ জানালে তিনি তা সানন্দে গ্রহণ করেন। মিসেস মারগান আনন্দের সঙ্গে ঘোষণা দেন যে এ বছরই সাড়ে চারশত পৃষ্ঠার একটি কবিতার অ্যাঙ্কোলাজি তিনি সম্পাদনা করছেন, যার শুরু হবে হাসানআল আব্দুল্লাহর কবিতা দিয়ে। অনুষ্ঠানে দ্বিতীয় ফিচার পোয়েট ছিলেন কবি ও সাফোক কমিউনিটি কলেজের ক্রিয়েটিভ রাইটিং বিভাগের প্রফেসর পল আগস্টিনো।

আন্তর্জাতিক সাহিত্য সম্মেলনে

২০১২ সালের ২৪ মার্চ নিউইয়র্কের বিংহ্যামটন শহরে অনুষ্ঠিতব্য দ্বিতীয় আন্তর্জাতিক সাহিত্য সম্মেলনে আমন্ত্রিত হলেন শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ। ক্রম কাউন্টি আর্ট কাউন্সিল ও বিংহ্যামটন ইউনিভার্সিটির ক্রিয়েটিভ রাইটিং বিভাগের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হবে এ সম্মেলন। অনুষ্ঠান সমন্বয়কারী প্রফেসর মারিও মরোনী সম্প্রতি এক ইমেল বার্তায় কবিকে এই আমন্ত্রণ জানান। হাসানআল আব্দুল্লাহ সহ অনুষ্ঠানে বিভিন্ন ভাষার সাত ও চারজন মার্কিন কবি-সাহিত্যিককে আমন্ত্রণ জানানো হয়েছে। আমন্ত্রিত অতিথিদের হোটেল সহ সমস্ত ব্যয়ভার আয়োজকদের পক্ষ থেকে বহন করা হবে। উল্লেখ্য, কবি হাসানআল আব্দুল্লাহ নিউইয়র্ক ও নিউজার্সিতে আমন্ত্রিত কবি হিসেবে বহুদিন ধরে কবিতা পড়ে আসছেন। তিনি ২০০৭ সালে কুইন্স শহরের পোয়েট লরিয়েট ফাইনালিস্ট ও ২০০৮ সালে পুশ কার্ড পুরস্কারের জন্যে মনোনীত হন। ১১টি কাব্যগ্রন্থসহ ইংরেজী ও বাংলায় তাঁর প্রকাশিত গ্রন্থসংখ্যা ২১। তিনি নিউইয়র্কের ওয়াশিংটন আর্ভিং হাইস্কুলে গণিত

ও কম্পিউটার বিষয়ে শিক্ষকতার পাশাপাশি ২০১০ সাল থেকে একই স্কুলের বিজনেস একাডেমীর কোঅর্ডিনেটরের দায়িত্ব পালন করছেন।

ওয়াশিংটন আর্ভিং হাইস্কুলে বাংলা ক্লাবে ৪০তম বিজয় দিবস উদযাপন

ম্যানহাটনের ইউনিয়ন স্কয়ারে অবস্থিত ওয়াশিংটন আর্ভিং হাইস্কুলের বাংলা ক্লাবের উদ্যোগে বিজয় দিবস উদযাপন করা হয় ১৬ ডিসেম্বর, শুক্রবার। ওয়াশিংটন আর্ভিং ছাড়াও ইন্টারন্যাশনাল হাইস্কুলের প্রচুর ছাত্রছাত্রী এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উভয় স্কুলের প্রিন্সিপাল, এসিস্টেন্ট প্রিন্সিপাল, শিক্ষক-শিক্ষিকা সহ দেড় শতাধিক ছাত্রছাত্রী ও অতিথি শিল্পীর উপস্থিতি ৪০তম বিজয় দিবসের এই অনুষ্ঠানটিকে প্রাণবন্ত করে তোলে। স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের প্রেসিডেন্ট দেবশীষ কর্মকার। শুভেচ্ছা বক্তব্যে প্রিন্সিপাল মিস্টার অ্যাসকোনা, প্রিন্সিপাল মিস গেলিয়া, এসিস্টেন্ট প্রিন্সিপাল মিস্টার ক্রুজ, এসিস্টেন্ট প্রিন্সিপাল মিস হারনানদাজ ও প্যারেন্ট টিচার কোয়ার্ডিনেটর মিস্টার আরিজা সকল বাংলাদেশীকে অভিনন্দন জানানোর সাথে সাথে মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

ছাত্র-শিক্ষক সমন্বয়ে সম্মিলিত ভাবে জাতীয় সঙ্গীত পরিবেশনের ভেতর দিয়ে শুরু হয় অনুষ্ঠান। অতিথি শিল্পী ছিলেন নির্জন। “আমি বাংলার গান গাই” ও “একতারা বাজাইও না,” ইত্যাদি সঙ্গীত পরিবেশনের মাধ্যমে তিনি ছাত্রছাত্রীদের ভেতর থেকে তুমুল সাড়া পান। এক পর্যায়ে অনেকেই দেখা যায় তাঁর সাথে সুর মিলাতে। শামসুর রাহমান-এর “স্বাধীনতা তুমি” ও হুমায়ূন আজাদের “আমি বেঁচে ছিলাম অন্যদের সময়ে” আবৃত্তি করে শোনান স্কুলের দুই ছাত্রী বিবি রাবেয়া ও ফারজানা হ্যাপি। ইংরেজী অনুবাদে “আমি বেঁচে ছিলাম অন্যদের সময়ে” পড়েন গাইডেন্স কাউন্সেলর মিস. কামেলা স্মিথ। স্বাধীনতা যুদ্ধের উপরে হাসানআল আব্দুল্লাহ সম্পাদিত ‘দ্যা বার্থ অব বাংলাদেশ’ ও ক্লাবের ছাত্রদের তৈরী অন্য একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। পাকিস্তানী ছাত্র আমানদীপ সিং-এর পরিচালনায় “ব্রিং দ্যা ট্রেইটর টু জাস্টিস” শীর্ষক কবিতার বৃত্ত আবৃত্তিতে অংশ নেন আব্দুল মুহিত, অনিক আহমেদ, ফারজানা খান ও ফারজানা হ্যাপি। বিভিন্ন পর্যায়ে নৃত্য পরিবেশন করেন অনিক আহমেদ, ফারজানা খান, আমানদীপ সিং ও মারজাহান আখতার। সব শেষে দেশীয় খাবারে উপস্থিত সবাইকে আপ্যায়ন করা হয়। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন গণিত শিক্ষক ও স্কুলের বিজনেস একাডেমীর কোঅর্ডিনেটর মিস্টার হাসানআল আব্দুল্লাহ। তাঁকে সহযোগিতা করেন ক্লাবের বর্তমান প্রেসিডেন্ট দেবশীষ কর্মকার, প্রাক্তন প্রেসিডেন্ট অনিক আহমেদ, ভাইস প্রেসিডেন্ট আব্দুল মুহিত, সাধারণ সম্পাদক সুমন, সাদমান রহমান, আব্দুল আজিজ, আখতারুণ ভূইয়া প্রমুখ। সাউন্ড ও টেক সহায়তায় ছিলেন অর্গানাইজিং সেক্রেটারি সাঈদ রেজা, ও স্কুল টেক কোঅর্ডিনেটর রন ওয়েলস।

LETTERS TO THE EDITOR:

1.

সুজনেষু

হাসানআল আব্দুল্লাহ ভাই,

প্রীতিপূর্ণ নমস্কার, শুভেচ্ছা ও ভালোবাসা। পেলাম শব্দগুচ্ছ জুন ২০১১ সংখ্যা। এর আগেও সব সংখ্যাই পেয়েছি। অনিবার্য কারণে প্রায় দু'বছর একটু বিচ্ছিন্ন ছিলাম মনে হয়। তবে নিয়মিত ভাবে আপনার কবিতা ছেপেছি 'আজকের কবিতা'য়। কালীকৃষ্ণ দা'র বাড়ি থেকে আপনার পাঠানো ২০০ ডলার সংগ্রহ করেছিলাম। নির্বাচিত কবিতা করেছি। ... শব্দগুচ্ছ-র অর্থনৈকূল্যে বইটি হয়েছে, তা স্বীকার করা হয়েছে বইটিতে। দু' কপি পাঠালাম।

কিছু কবিতা, পত্রিকা, বই-ও পাঠালাম। ভালো থাকুন। যোগাযোগ নিবিড় থাকুক।

প্রবীর দাস, শান্তি নিকেতন

৫ জুলাই, ২০১১

2.

সুজনেষু,

প্রতিবেশী বাংলাদেশ ছাড়া আর কোনো বিদেশের মাটিতে আমি লেখা পাঠাইনি; শুধু আপনার কাছেই পাঠালাম। আপনার পত্রিকার বিশেষত্ব এই যে কবিতাটি ইংরেজীতেও অনূদিত হয়। হ্যাঁ, আমি এমনই একটি কাগজ খুঁজছিলাম। শেষে পেয়েছি আপনাকে।

অনুরাগ এবং আশায় তিনটি কবিতা পাঠালাম। এর আগে লেখা প্রকাশের জন্য কাউকেই অনুরোধ করিনি, কেননা অনেকেরই অনেক রকম অসুবিধা থাকে; অনুরোধ করে বিপদে ফেলতে চাইনি। আপনাকে অনুরোধ করছি যেনো তিনটি কবিতাই প্রকাশিত হয় এবং তার কপি আমি হাতে পাই।

ফাদার স্টিফেনকে অনুরোধ করেছিলাম আমার কবিতাগুলি অনুবাদ করে দিতে; দেননি। পরে বুঝেছি, কবিতা অনুবাদ করতে পারে কেবল কবিই। রবীন্দ্রনাথ এ কারণেই গীতাঞ্জলী নিজেই অনুবাদ করেছিলেন, নিজের মতো করে।

নমস্কারান্তে অনুরাগী,

সুভাষ রবিদাস, মুর্শিদাবাদ

২৮ জুন, ২০১১

3.

ভালোবাসি শব্দগুচ্ছ, কবিতার জন্মদাগ, স্বতন্ত্র সনেট ইত্যাদি। আর ভালোবাসি হাসানআল আব্দুল্লাহকে।

শেখ দিনার, ঢাকা

২৬ আগস্ট, ২০১১

4.

প্রিয় ভাইয়া,

আমি শব্দগুচ্ছ হাতে পেয়েছি। পড়েও ফেলেছি সবটা। খুব খুব ভালো লাগলো। আরো ভালো লাগলো এতো ব্যস্ততার মাঝেও আমাকে মনে রেখেছেন দেখে। সত্যিই খুব ভালো লাগছে। আর সংখ্যাটির কথা আলাদা করে কি বলবে? সম্ভব হলে লিখে জানাবো। ভালো থাকবেন। শুভকামনা রইলো। আর হ্যাঁ,

আপনার ছন্দ নিয়ে লেখা বইটি [কবিতার ছন্দ, মাওলা ব্রাদার্স] আমার এক কবি বন্ধুর খুব মনে ধরেছে। ইনফ্যান্ট, বইটি এখন ওর কজায়।

মোজাফফর হোসেন, রাজশাহী

৫ আগস্ট, ২০১১

5.

শ্রদ্ধেয়

সম্পাদক হাসানআল আব্দুল্লাহ,

দাদা প্রথমেই আমার ভক্তি নম্র নমস্কার জানবেন। আমার এখন ৫২ বছর বয়স। এখন No Job No Salary No Pension... বড়দিদি হাতখরচা বাবদ ১০০০ টাকা দেয়, এখন এক দাদা বৌদির কাছে দু'বেলা দু'মুঠো ভাত খাই...।

চারখানা কবিতা পাঠালাম, আপনার শব্দগুচ্ছ পত্রিকাতে প্রকাশিত হলে খুশী হবো, আনন্দ পাবো, মজা পাবো—এখন এই মুহূর্তে বড্ড গরীব তো, তাই নিজেকে ভীষণ ভাবে গুটিয়ে রাখি, গুটিয়ে থাকি।

যাক দাদা, নমস্কার ধন্যবাদ জানবেন, প্রাপ্তি সংবাদ দেবেন, এবং ছাপা হলে পত্রিকা অবশ্যই পাঠাবেন, অধীর আগ্রহে থাকলাম।

ভালো থাকুন, ভালো রাখুন, ভালো ভাবুন, ভালো করুন।

বিনীত,

পল্লব বন্দ্যোপাধ্যায়, হাওড়া

২০ অক্টোবর, ২০১১

6.

শ্রদ্ধেয় কবিদা,

কেমন আছেন? খুব ব্যস্ততায় নিশ্চয়ই কাটে প্রতিটি দিন আপনার। আমিও মাঝে মাঝে তাই-ই ভাবি, এতো কিছু সামলান কিভাবে? শিক্ষকতা, সাহিত্য চর্চা, সভা, সেমিনার আরো কতো সব বিষয়ের শাখা-প্রশাখায় সাবলীল বিচরণ আপনার। সত্যিই বাঙালী বাংলা সাহিত্য আপনাদের মতো মানুষের কাছে ঋণী হয়ে থাকবে। খুব ভালো আপনি, আপনাদের পরিবারের সকলেই। আমার ছোটো ভাই কবিরুল ও ওর পরিবারের সকলের সাথে ইতোমধ্যে আপনাদের দেখা সাক্ষাৎ হয়েছে জেনেছি, ওরাও খুব প্রশংসা করছিলো আপনার। যে কোনো বিপদাপদে আমি ওকে বলেছি আপনাদের স্মরণাপন্ন হতে।

ভালো থাকবেন আপনারা সবাই।

শেখ কামরুল হাসান, যশোর

৩০ জুলাই, ২০১১

7.

হাসানআল ভাই,

আপনাকে অশেষ কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাই আমার দুটো কবিতা শব্দগুচ্ছ-এর মতো একটি আন্তর্জাতিক পত্রিকার জন্য পছন্দ করায়। প্রসঙ্গত এই প্রথম আমার লেখা কবিতা কোনো আন্তর্জাতিক পত্রিকায় স্থান পেলে। আমার অনুভূতি প্রকাশ করার ক্ষমতা নেই—নিশ্চয়ই আপনি বুঝতে পারছেন—২৫ বছর পর আমি আবার লেখালেখির জগতে ফিরে এলাম এবং যেটুকু উৎকর্ষ আমার তার

পেছনে আপনার আন্তরিক সহযোগিতা এক বিশাল ভূমিকা রাখছে—এটি আমি জীবনের শেষ দিন পর্যন্ত মনে রাখবো।

আপনার জন্য অনেক অনেক শুভ কামনা। পরিবারের সবাইকে নিয়ে খুব ভালো থাকবেন।
শুভেচ্ছা সহ,

মুনীর রেজওয়ান, অস্ট্রেলিয়া
২৬ জুন, ২০১১

৪.
প্রিয় হাসানআল আব্দুল্লাহ,
সম্পাদক, শব্দগুচ্ছ, নিউইয়র্ক

মাননীয়েষু,
মহাপৃথিবী পত্রিকায় বিজ্ঞাপন দেখে আপনাকে চিঠি লিখছি। আপনার কাগজে প্রকাশের জন্য আমার কবিতা পাঠালাম। বাংলা ওয়ার্ডে লেখার জন্য কোনো অসুবিধা হলে জানাবেন; আমি অত্র-তে কপি করে আবার পাঠাবো।

আমার কবিতা আপনার ভালো লাগলে খুশী হবো। শুভেচ্ছা ও নমস্কার নেবেন,

উর্মিলা চক্রবর্তী, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, ভারত
২৬ জুলাই, ২০১১

৯.
সুপ্রিয় হাসান ভাই,
আপনার পরামর্শে অত্যন্ত উপকৃত হলাম। মনে হচ্ছিলো এমনই যেনো খুঁজছিলাম। আসলে জীবনে কতো বিস্ময়কর ঘটনাই না ঘটে। খুব কুণ্ঠিত ভাবেই আপনার কাছে জিজ্ঞেস করেছি।
আপনার সাহায্যের হাত পেয়ে আমার প্রেরণা আরো বেড়ে গেলো।
যতদূর সম্ভব বদ অভ্যাসগুলোকে সরাচ্ছি। সম্পাদনা করে আবার কি আপনাকে পাঠাবো?

আফরোজা আলম, ঢাকা
৬ সেপ্টেম্বর, ২০১০

১০.
কাব্যবোদ্ধা,
আপনি আমাকে চিনবেন না, আমাদের মধ্যে কখনও কথা হয়নি। আপনার কাছে সাহায্য চাই তবু। আশা করি নিরাশ করবেন না।
আমি উপমা, রূপক, উৎপ্রেক্ষা, অনুপ্রাস এ ধরনের অন্যান্য বিষয়গুলো কি, তার বিশদ বিবরণ এবং সুলেখ্য এরকম কোনো অনলাইনের ব্লগ/নোট/রেফারেন্স থেকে পড়তে চাই। আপনার জ্ঞাত কোনো সূত্র থাকলে আমাকে দেবেন এই কামনা রইলো।

বিরক্ত করার জন্য ক্ষমা চেয়ে নিচ্ছি।
নিরন্ত শুভেচ্ছান্তে,

সৈয়দ মাহবুব ওলি, ঢাকা
১১ সেপ্টেম্বর, ২০১১

১১.

শব্দগুচ্ছ থেকে আপনার 'বেদখলে স্বতন্ত্র সনেট' লেখাটি আমি আপনার অনুমতি ছাড়া ছেপেছি দৈনিক জনতায়।

ফারুক আফিন্দ, ঢাকা
২১ সেপ্টেম্বর, ২০১১

১২.
Dear Hassanal:
Thank you for your kind gift of the latest *Shabdaguchha*. Congratulations on all your good work with the magazine, and the valuable translations. Have a good summer.
Best wishes.

D. H. Melhem, New York
04 August, 2011

১৩.
Dear Sir,
The other day I visited your site and found to my delight that you have created a platform where people who are not so well known may contribute and get an exposure.
I must thank you for this commendable service.

As regard myself I am working in a private sector. I have some interest for writing poems and this is what I want to utilize with the help of your platform.

I request you to kindly let me know about the rules I must follow for submission purpose.

Thanking you. Yours Faithfully,

Mahi Chakraborty
18 June, 2011

১৪.
Dear,
I want to thank all of you for presenting a wonderful seminar time. It was formal and it was casual; it was insightful and enlightening. It was the meeting of the brains. It was informative and interesting.

Thanks for your time. Sincerely,

Faruque Azam, New Jersey
7 July, 2011

15.

Dear Mr. Hassanal Abdullah,

I, Surya Kiran Das, son of Mr. Ashis Kumar Das, am glad to inform you that we have received your letter regarding the nomination of Mr. Ashish Kuman Das for “Shabdaguchha Poetry Award, 2011.”

I am extremely happy and proud of my father’s recognition. I do not have any word to express my joy.

I am very happy to see the smile on his face after receiving the letter from you. To be very frank after a long struggle, today what he has got from *Shabdaguchha*, it will rejuvenate him and me as well.

I do not know what to say, just waiting for the blessing of God and dreaming that it is on his hand.

Thanks & regards,

Surya Kiran Das, Kokata

11 July, 2011

16.

Hi,

I safely arrived in the wonderful HONGKONG airport. My next trip on way to Melbourne will start at 10 a.m.; gate number is 42. I had a very good journey from Dhaka. The Dragon Airlines people took very good care of me and gave me very good seat; so I could spread my long legs comfortably. Eventhough I was a bit overweight, they did not mind at all. They admitted the fact that books carry more weight than all other worldly materials.

Wish you keep in touch. Stay well.

Yours

Nirmalendu Goon

28 July, 2011

CONTRIBUTORS:

Aeronwy Thomas (1943-2009), born in London, predominately brought up in Laugharne, South Wales, she is the daughter of Dylan and Caitlin Thomas. She is the author of many books, including *Burning Bridges* (Cross-Cultural Communications, 2008). In 2006, with Peter Thabit Jones, she featured in the first-ever Dylan Thomas Tribute Tour of America, organized by CCC.

Arbindu Chakroborty* is the editor of the little mag, *maduli*. He lives in Bhanga, Faridpur.

Bishnupada Ray is an Associate Professor of English at the University of North Bengal, India. His poems have appeared in *Indian Literature*, *New Quest*, *Makata*, *A Hudson View*, *Tonight—An Anthology of World Love Poetry*, *Shabdaguchha* and *Revival*. Three volumes of his poetry have been published by the Writers Workshop, Kolkata, India. He won a Pushcart Prize nomination in 2009.

Caroline Gill* lives with her archaeologist husband, David. She won the international Petra Kenney Poetry Competition (General Section) in 2007. Her poems have been published in the UK, Romania, USA, and India. Caroline’s first chapbook, with America’s John Dotson, is forthcoming from The Seventh Quarry Press and Cross-Cultural Communications. c.gill@davidgill.co.uk

Chanchal Mahmud* lives in Cyprus where he studies hotel management. His first book is scheduled to publish in February jointly with two of his friends.

David Gill* is a Reader in Mediterranean Archaeology at Swansea University. His poetry is inspired by his fieldwork. “From Syracuse to Manhattan” was published by the American School of Classical Studies at Athens. d.w.j.gill@gmail.com

Ekok Soubir is a 7th grade student at the Scholars’ Academy in New York. He previously designed a few book covers and contributed his artwork and poetry to *Asbestos* and *Shabdaguchha*.

Hasan Sabbir* will publish his first book of poetry in 2012. He is a computer specialist who owns a family business. Mr. Sabbir lives in Magura.

Hassanal Abdullah teaches math at Washington Irving High School in NYC. He introduced *Swatantra Sonnets* (1998) and is the author of 21 books in various genres, also a 314-page epic. He edits *Shabdaguchha*, a bilingual international poetry journal, which is available in print and on the Internet.

Izfandior Arion* graduated from Dhaka University (2002) where he was a Microbiology major. He knows numerous languages and is the president of the Lekhok Shongo.

Jean Salkild* lives in Swansea. Her love of travel has provided a rich archive of ideas for her writing. She has regularly contributed poems to *The Seventh Quarry* magazine. Her first chapbook—with New York’s Sultan Catto—will appear in 2012 from The Seventh Quarry Press and Cross-Cultural Communications. jsalkild@btinternet.com

Lynn Hopkins* was born in the Amman Valley, is bilingual, but loves to write in English. Despite many adversities in life, she is now enjoying a period of self-development. Her first book of poetry, *Creatures of a Dead Community*, was published by The Seventh Quarry Press in 2011. lynn.hopkins@tiscali.co.uk

Mahmoud Darwish* (1941 – 2008) was a Palestinian poet and author who won numerous awards for his literary contributions and was regarded as one of the finest contemporary world poets. Darwish published over thirty volumes of poetry and eight books of prose.

Matin Raihan is the author of three collections of poetry. He previously worked for the *Daily Janakantha* and now is a Bangla Academy Fellow.

Mohammed Aatur Rahman is the founder of the Bangla School in Bronx. He is the author of four books including *Rubaiyat*, which he translated from English to Bengali. His first book of poetry, *Faguner Kachra*, is going to be published in February, 2012. Mr. Rahman works for the NYC Dept of Education.

Naznin Seamon finished her BA (2008) and MA (2011) in English literature from Queens College of CUNY and now works as a High School ESL teacher. She is an author of 3 books including two collections of poetry and a collection of short story, and the recipient of the Shabdaguchha Poetry Award 2007 in postmodern Bengali Poetry.

Nirmal Gope* recently finished his Masters and now works as a banker. His first book is scheduled to be published on February 2012, from Dhaka, jointly with two other friends.

Pallav Bandyopadhaya* is a Bengali poet from West Bengal, India.

Peter Thabit Jones is the author of ten books of poetry and a published verse drama. Editor and founder of *The Seventh Quarry*, he co-authored (with Aeronwy Thomas, Dylan Thomas's daughter) the first-ever *Dylan Thomas Walking Tour of Greenwich Village, New York*, 2008, which is now a commercial tour run weekly by New York Fun Tours. thabitjones@btinternet.com

Prabir Das is the author of 15 books of verse including his *Selected Poems*(2011) published in cooperation with *Shabdaguchha*. He edits a Bengali quarterly, *Ajker Kobita*, form Shantinikatan. Mr. Das is the *Shabdaguchha* correspondent in India.

Rassel Ahmed is a student of Dhaka College. He is the nominee of the Shabdaguchha Poetry Award 2011. His first book is scheduled to publish in February, 2012 jointly with Nirmal Gope and Chanchal Mahmud.

Rizwanul Islam Rudra, poet and a young film maker, has contributed to literary supplements and magazines published from Dhaka and elsewhere in Bangladesh. He now lives in Australia.

Sabhyasachi Hazra is a poet from West Bengal, India.

Sonali Begum* graduated from Presidency College, Kolkata. She is the author of eight collections of poetry.

Stanley H. Barkan was New York City's 1991 Poetry Teacher of the Year and the 1996 winner of the Poor Richard's Award, "The Best of the Small Presses." As publisher of Cross-Cultural Communications, now in its 40th anniversary year, he has produced some 400 titles in 50 different languages. His own work has been published in 15 collections, including *Crossings*, a bilingual (English-Russian) chapbook translated by Aleksey Dayen.

Subhas Robidas* is a poet and activist lives in Murshidabad, India.

Subir Sarkar is the author of 12 collections of poetry and the recipient of the *Kobita Pakshik* award. After finishing his MA, he also received a diploma in Journalism and Mass Communication. Mr. Sarkar is a teacher.

Syed Mohammad Masuk* (1939-2011) recently died in New York. In his youth he was befriended with Al Mahmud and Sakti Chattopadhyay, two major Bengali Modern poets. But, he did not publish his own work much. He worked for the Ministry of Industry of Bangladesh as a Labor Inspector. The poem published here in this issue was selected before his sudden death of cancer.

Uday Shankar Durjay lives in London. He is the editor of a little mag, *Spandan*. He published three chap books jointly with his friends.

Urmila Chakraborty*, formerly a Professor of English literature in a university, has published seven collections of poems in Bengali and one novel in English.

*First appearance on *Shabdaguchha*

২০১২ বই মেলায় প্রকাশিত হচ্ছে

কবিতা:



ক্যাফের কবিতা, হাসানআল আব্দুল্লাহ, সাহিত্য বিকাশ

ত্রিপুরা প্রার্থনারত, যৌথ কাব্যগ্রন্থ: রাসেল আহমেদ, নির্মল গোপ ও

চঞ্চল মাহমুদ, ভাষাচিত্র

নীলকণ্ঠ, মুনীর রেজওয়ান, নন্দিতা প্রকাশন


ফাণ্ডনের কড়চা, মোহাম্মদ আতাউর রহমান, লেবুভাই ফাউন্ডেশন



প্রবন্ধ:

নারী ও কবিতার কাছাকাছি, হাসানআল আব্দুল্লাহ, অনন্যা

উত্তরাধুনিক তিন কবি, রেজা নুর, অনন্যা



প্রকাশিত হলো

প্রবীর দাস-এর


নির্বাচিত কবিতা

প্রকাশক:

শব্দগুচ্ছ-র সহযোগিতায়

পত্রলেখা, কলকাতা

পৃষ্ঠা: ১৩৬, মূল্য: ৭০ টাকা



হাসানআল আব্দুল্লাহ'র নির্বাচিত কবিতা


১৯৯০ থেকে ২০১০ এই বিশ বছরে
প্রকাশিত কবির ১০ খানা কাব্যগ্রন্থ
থেকে সঙ্কলিত

প্রচ্ছদ: প্রব এষ, মূল্য: ৩০০ টাকা
প্রকাশক: অনন্যা
বইমেলা. ২০১০



নাজনীন সীমন-এর নতুন কবিতার বই একটি বিড়াল ও আমার দুঃখ

শব্দগুচ্ছ প্রেস, বইমেলা, ২০১১
মূল্য: ৫ ডলার
প্রচ্ছদ: হাসানআল আব্দুল্লাহ



মহাপৃথিবী

শব্দ রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪১ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

Mahaprithivi
Birinchiberia, Purba Sreekrishnapur,
Purba Midnapore 721635, W. B., INDIA

হালাল মাংশ, মাছ, মশলাপাতি ও তরতাজা সজির জন্যে

পসরা

আপনাদের নিকটতম ধোসারী, সুলভ মূল্যের নিশ্চয়তা দিচ্ছে
আমরা সপ্তাহে সাতদিনই খোলা থাকি

ফ্রি ডেলিভারীর ব্যবস্থা আছে

যোগাযোগ: পসরা ইনক ৪৫-৩৯ Parsons Blvd, Jamaica, NY 11432

Phone: (718) 658 6676

CONTRIBUTORS

**Aeronwy Thomas Arbindu Chakroborty Bishnupada Ray
Caroline Gill David Gill Ekok Soubir Hasan Sabbir
Hassanal Abdullah Humayun Azad Izfandior Arión
Jean Salkilld
Lynn Hopkins Mahmoud Darwish Matin Raihan
Mohammed Aatur Rahman Naznin Seamon
Pallav Bandyopadhaya Peter Thabit Jones Prabir Das
Rassel Ahmed Nirmal Gope
Chanchal Mahmud Rizwanul Islam Rudra
Sabbyasachi Hazra Sonali Begum
Stanley H. Barkan
Subhas Robidas Subir Sarkar Syed Mohammad Masuk
Uday Shankar Durjay Urmila Chakroborty**

Yes, I'm a fan of *Shabdaguchha*, and,
especially, its courageous and
talented poet-translator-editor-
publisher.

—Stanley H. Barkan

Shabdaguchha Press

Woodhaven, New York

ISSN 1531-2038